

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৪০

२৫/ जिशापत क्यीना (ﷺ) अटि जिशापत क्यीना (کتاب فضائل الجهاد عن رسول الله

পরিচ্ছেদঃ আল্লাহ্র পথে থেকে যার কিছু পরিমাণ চুলও সাদা হয়।

باب مَا جَاءَ فِي فَضْلِ مَنْ شَابَ شَيْبَةً فِي سَبِيلِ اللَّهِ

## আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيةً، عَنِ الأَعْمَشِ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ سَالِم بْنِ أَبِي الْجَعْدِ، أَنَّ شُرَحْبِيلَ بْنَ السِّمْطِ، قَالَ يَا كَعْبُ بْنَ مُرَّةَ حَدِّثْنَا عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ شَابَ عليه وسلم وَاحْذَرْ . قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ شَابَ شَيْبَةً فِي الْإِسْلاَمِ كَانَتْ لَهُ نُورًا يَوْمَ الْقِيَامَةِ " . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ فَضَالَةَ بْنِ عُمْرِو . وَحَديثُ كَعْبِ بْنِ مُرَّةَ حَديثٌ حَسَنٌ . هَكَذَا رَوَاهُ الأَعْمَشُ عَنْ عَمْرِو بْنِ مُرَّةً وَقَدْ رُويَيَ هَذَا الْحَديثُ عَنْ مَنْصُورٍ عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ وَأَدْخَلَ بَيْنَهُ وَبَيْنَ كَعْبِ بْنِ مُرَّةً فِي الْإِسْنَادِ رَجُلاً . وَيُقَالُ كَعْبُ بْنُ مُرَّةَ وَيُقَالُ مُرَّةُ بْنُ كَعْبِ الْبَهْزِيُّ وَالْمَعْرُوفُ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرَّةُ بْنُ كَعْبٍ اللهِ عَليه وسلم مُرَّةُ بْنُ كَعْبٍ الْبَهْزِيُّ وَقَدْ رُوكِي عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرَّةُ بْنُ كَعْبٍ الْبَهْزِيُّ وَقَدْ رُوكِي عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرَّةُ بْنُ كَعْبٍ الْبَهْزِيُّ وَقَدْ رُوكِي عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَحَادِيثَ .

## বাংলা

১৬৪০। হান্নাদ (রহঃ) ... সালিম ইবনু আবূল জা'দ (রহঃ) থেকে বর্ণিত যে, শুরাহবিল ইবনু সিমত (রহঃ) বললেন, হে কা'ব ইবনু মুররা, আমাদের কাছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাদীস বর্ণনা করুন এবং এ বিষয়ে সতর্কতা অবলম্বন করুন। তিনি বললেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, যে ব্যক্তির মুসলিম অবস্থায় কিছু পরিমাণ চুলও সাদা হবে কিয়ামতের দিন তার জন্য বিশেষ প্রকারের নূর হবে। সহীহ, সহীহাহ ১২৪৪, মিশকাত, তাহকীক ছানী ৪৪৫৯, তিরমিজী হাদিস নম্বরঃ ১৬৩৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ফাযালা ইবনু উবায়দ, আবদুল্লাহ ইবনু আমর রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। কা'ব ইবনু মুররা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান। আ'মাশ (রহঃ) ও আমর ইবনু মুররা (রহঃ) থেকে তদ্রুপ রিওয়ায়াত করেছেন। মানসুর-সালিম ইবনু আবূল জা'দ (রহঃ) সূত্রেও এটি বর্ণিত হয়েছে। তবে সনদের মধ্যে সালিম ও কা'ব রাদিয়াল্লাহু আনহু-এর মাঝে অন্য এক রাবীর নাম বর্ধিত করা হয়েছে। তাকে যেমন কা'ব ইবনু



মুররা রাদিয়াল্লাহু আনহু বলা হয় তেমন তাকে মুররা ইবনু কা'ব বাহযী রাদিয়াল্লাহু আনহুও বলা হয়। তবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবী হিসাবে প্রসিদ্ধ হলেন মুররা ইবনু কা'ব বাহযী রাদিয়াল্লাহু আনহু তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বেশ কিছু হাদীস বর্ণনা করেছেন।

## **English**

Narrated Shurahbil bin As-Samt:

"O Ka'b bin Murrah! Relate (something) to is from the Messenger of Allah (ﷺ), and be cautious. He said: 'I heard the Prophet (ﷺ) say: "Whoever develops some gray hair in Islam, it shall be a light from him on the Day of Judgement."

[Abu 'Eisa said:] There is something on this topic from Fadalah bin 'Ubaid and 'Abdullah bin 'Amr. The narration of Ka'b bin Murrah was reported like this from Al-A'mash, from 'Amr bin Murrah.

This Hadith is been reported from Mansur, from Salim bin Abu Al-Ja'd, and he included a man between him and between Ka'b bin Murrah in the chain. He is called: "Ka'b bin Murrah," and he is called: "Murrah bin Ka'b Al-Bahzi," and the one known among the Companions of the Prophet (ﷺ) is Ka'b bin Murrah Al-Bahzi, he reported some Ahadith from the Prophet (ﷺ).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবন আবুল জা'দ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন